অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/1/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিশু ও পরিবারকে কোভিড-19 টিকা গ্রহণে উৎসাহিত করতে পদক্ষেপ ঘোষণা করলেন

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্ট এবং হেলথ ডিপার্টমেন্ট শিশু ও তাদের পরিবারের কোভিড-19 টিকা কাউন্সেলিং ভিজিটের জন্য ইন্স্যুরেন্স কভারেজ নিশ্চিত করার ব্যাপারে ফেডারেল সরকারকে তাগিদ দিয়ে চিঠি ইস্যু করেছে

ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্ট ইয়র্কের ইন্স্যুরেন্স শিল্পকে টিকা প্রণোদনা প্রদানে নতুন নির্দেশনা দিয়ে চিঠি ইস্যু করেছে

ফেডারেল সরকারের প্রতি DFS এবং DOH চিঠি পড়ুন

নিউ ইয়র্কের ইন্স্যুরেন্স শিল্পের প্রতি DFS-র নির্দেশনা চিঠি পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্ট (New York State Department of Financial Services, DFS) এবং নিউ ইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেন্ট (New York State Department of Health, DOH) সকল ইন্স্যুরেন্স প্রদানকারীকে শিশু ও তাদের পরিবারের কোভিড-19 টিকা কনসাল্টেশনের কভারেজ প্রদান করতে নির্দেশনা দেওয়ার জন্য ফেডারেল সরকারকে আহ্বান করছে। এছাড়াও গভর্নর ঘোষণা করলেন যে, DFS ইন্স্যুরেন্স প্রদানকারীদের জন্য নির্দেশনা ইস্যু করছে যা তাদেরকে টিকা বা বুস্টার গ্রহণ করা নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন প্রণোদনা ও পুরস্কার তৈরি করার উৎসাহ দেয় এবং তারা ইন্স্যুরেন্স পলিসিতে এই কর্মসূচিসমূহ যোগ করার জন্য প্রয়োজনীয় অনুমোদনসমূহ ত্বরান্বিত করবে।

"নিউ ইয়র্ক স্টেট টিকা গ্রহণের প্রয়োজনীয়তার উপর আলোকপাত করে যাচ্ছে, এটি আমাদের সকলের জন্য আমাদের সন্তান ও পরিবারকে নিরাপদ রাখার সেরা উপায়, বিশেষ করে যেহেতু আমরা শীতকালীন আক্রান্তের সংখ্যা বৃদ্ধির ঘটনায় লড়াই করছি," **গভর্নর হোকল বলেন।** "#VaxForKids এবং পপআপ টিকা প্রদান সাইটসহ নিউ ইয়র্কবাসীকে টিকা প্রদানে আমাদের সার্বিক প্রচেষ্টার পাশাপাশি, আমরা ফেডারেল সরকারকে আহ্বান করার পদক্ষেপ নিচ্ছি যাতে তারা ইন্স্যুরেন্স প্রদানকারীদের টিকা কনসাল্টেশনের কভারেজ প্রদান করতে উৎসাহিত করে এবং নিউ ইয়র্কের সকল ইন্স্যুরেন্স প্রদানকারীকে সুস্থ থাকাকে ব্যবহার করতে এবং তাদের থেকে ইন্স্যুরেন্স গ্রহণকারীদের টিকা গ্রহণে উৎসাহ দিতে পুরস্কার কর্মসূচি শুরু

করার আহ্বান করছি। টিকা নিরাপদ, কার্যকর, পুরো স্টেটে বিনামূল্যে ব্যাপকভাবে উপলভ্য এবং আমাদের কাছে থাকা এই অতি গুরুত্বপূর্ণ জিনিসটি ব্যবহার করা আমাদের জন্য অপরিহার্য।"

ফাইন্যান্সিয়াল সার্ভিসেসের সুপারিন্টেন্ডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন, "কোভিড-19 চিকিৎসা সংশ্লিষ্ট অপ্রত্যাশিত মেডিকেল ব্যয় পিতামাতার খাদ্য ক্রয়ের ক্ষমতাকে প্রভাবিত করতে পারে, সেইজন্য টিকা একটি গুরুত্বপূর্ণ সুরক্ষা পরিকল্পনা প্রদান করে, শুধু সন্তানদের স্বাস্থ্যের জন্য না বরং পরিবারের আর্থিক সুস্থতার জন্যও। DFS জোর সুপারিশ করছে যে ইন্স্যুরেন্স প্রদানকারীরা যাতে কোভিড-19 কনসাল্টেশন কভার করে, সকল নিউ ইয়র্কবাসীকে টিকা ও বুস্টার গ্রহণের প্রণোদনা প্রদান ওকরে যাতে করে তারা নিজেদেরকে এবং অন্যদেরকে এই ভাইরাস ও এর ভ্যারিয়েন্টসমূহ থেকে রক্ষা করতে পারে।"

হেলথ ডিপার্টমেন্টের কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "পিতামাতা ও অভিভাবকেরা যাতে আত্মবিশ্বাসের সাথে নিজেদের সন্তানদের টিকা প্রদানের সিদ্ধান্ত নিতে পারে তা নিশ্চিত করতে স্টেট সম্ভাব্য সকল কিছু করছে। মেডিকেল সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সবথেকে বিশ্বস্ত উৎস অর্থাৎ শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিনামূল্যে কনসাল্টেশন এ ব্যাপারে সাহায্য করবে। সেজন্য আমরা ফেডারেল সরকারকে আহ্বান করছি ইন্স্যুরেন্স প্রদানকারীদের নির্দেশনা প্রদান করতে যাতে করে তারা পরিবারসমূহের জন্য কোভিড-19 টিকা কনসাল্টেশন ভিজিট কভার করে, যার ফলে পরিবারের এই সুযোগ পাওয়ার মৌলিক প্রতিবন্ধকতা দূর করা যাবে। সকল নিউ ইয়র্কবাসীর কোভিড-19 টিকা এবং সেই সাথে এই ব্যাপারে ভালো, সত্য-ভিত্তিক তথ্য পাওয়ার সুযোগ থাকতেই হবে।"

আজকের ঘোষণা পরিবারগুলিকে তাদের বিশ্বস্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছ থেকে সঠিক টিকা তথ্য পাওয়ার গুরুত্বে আলোকপাত করে। 2 ডিসেম্বর, 2021 এ বাইডেন-হ্যারিস প্রশাসন মেডিকেইডের জন্য কোভিড-19 টিকা কাউন্সেলিং ভিজিট কভার করা নতুনভাবে বাধ্যতামূলক করে যেখানে স্বাস্থ্যসেবা প্রদানকারীরা পরিবারের সাথে শিশুদের টিকার ব্যাপারে কথা বলবে, এমনকি যদি এই ভিজিটর ফলে টিকা গ্রহণ নাও করা হয়। DFS ও DOH-র ইস্যু করা চিঠিতে, নিউ ইয়র্ক ফেডারেল সরকারকে তাগিদ দেয় সকল ইন্স্যুরেন্স প্রদানকারীর প্রতি এই নির্দেশনা সম্প্রসারণ করার জন্য এবং সকল ইন্স্যুরেন্স প্রদানকারীর জন্য পরিবারগুলির সাথে কোনও কোপে বা খরচ ভাগ করে নেওয়া ছাড়াই কোভিড-19 টিকা কনসাল্টেশনের ব্যয়ভার বহন করা আবশ্যিক করার জন্য। এই ব্যবস্থা গ্রহণের ফলে স্বাস্থ্য সেবা প্রদানকারীরা সময় নিয়ে কোভিড-19 টিকা সংক্রান্ত পরিবারের প্রশ্নের উত্তর দিতে পারবে এবং এ ব্যাপারে আলোচনা করতে পারবে, যার ফলশ্রুতিতে কমবয়সীদের মধ্যে টিকার হার বৃদ্ধি পাবে।

নিউ ইয়র্কের ইন্স্যুরেন্স প্রদানকারীর প্রতি DFS-র নির্দেশনা চিঠি তাদের স্টেটের কোভিড-19 টিকা অগ্রগতি সমর্থন করার এবং তাদের থেকে ইন্স্যুরেন্স গ্রহণকারীদের যারা টিকা বা বুস্টার গ্রহণ করেছে তাদের পুরস্কার ও প্রণোদনা প্রদানের জন্য উৎসাহিত করে। স্বাস্থ্য ইন্স্যুরেন্স প্রদানকারীদের বর্তমানে তাদের থেকে ইন্স্যুরেন্স গ্রহণকারীদের সুস্থতা প্রণোদনা দেওয়ার অনুমোদন রয়েছে। DFS-র নির্দেশনা ইন্স্যুরেন্স প্রদানকারীদের জানায় যে এই কর্মসূচিগুলি ব্যবহার করে তাদের থেকে ইন্স্যুরেন্স গ্রহণকারীদের মধ্যে যারা টিকা বা বুস্টার গ্রহণ করেছে

তাদের পুরস্কার প্রদান করা যাবে এবং ইন্স্যুরেন্স পলিসিতে এই পুরস্কার যোগ করতে প্রয়োজনীয় যেকোনও অনুমোদন DFS ত্বরান্বিত করবে।

ফেডারেল সরকারের প্রতি DFS এবং DOH চিঠি পড়ুন।

নিউ ইয়র্কের ইন্স্যুরেন্স শিল্পের প্রতি DFS-র নির্দেশনা চিঠি পড়ুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন